

একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.৭০০.১৪.০১৯.১৮ -১১৩

তারিখ: ১০ চৈত্র ১৪২৫
২৪ মার্চ ২০১৯

বিষয়: পিইডিপি৪ এর আওতায় ২০১৮-১৯ অর্থবছরে নির্বাচিত প্রাথমিক বিদ্যালয়ে বরাদ্দকৃত অর্থে রঞ্চিন মেইনটেন্যাঙ্ক কার্যক্রম সম্পাদন।

সূত্র: প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পত্র নং-৩৮.১৫০.১৮০.০২৬.০০.০০.৮৬.২০১৮-৭৪০, তারিখ: ১৪ ফেব্রুয়ারি ২০১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪) এর আওতায় এতদসঙ্গে সংযুক্ত তালিকা অনুযায়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রঞ্চিন মেইনটেন্যাঙ্ক কার্যক্রম সম্পাদনের জন্য সূত্রোক্ত স্মারকে প্রতিটি বিদ্যালয়ে ৪০,০০০.০০ (চালিশ হাজার) টাকা করে বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দপ্রাপ্ত বিদ্যালয়সমূহে রঞ্চিন মেইনটেন্যাঙ্ক কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তসমূহ প্রতিপালনের জন্য অনুরোধ করা হলো:

শর্তাবলী:

১. উল্লিখিত রঞ্চিন মেইনটেন্যাঙ্ক কার্যক্রম এসএমসি'র মাধ্যমে সম্পাদন করতে হবে এবং প্রাক্লন প্রস্তাব এসএমসি'র সভায় অনুমোদন গ্রহণ করতে হবে। এ বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার এবং সহকারী উপজেলা শিক্ষা অফিসার বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও এসএমসি-কে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।
২. বরাদ্দকৃত অর্থে বিদ্যালয়ের প্রয়োজনীয়তার নিরিখে নিম্নোক্ত রঞ্চিন মেইনটেন্যাঙ্ক কার্যক্রম সম্পন্ন করা যাবে: (ক) দরজা ও জানালার ফিটিংস, কাঁচ, হাতল, লক, হুক ইত্যাদি মেরামত, (খ) ছাদ পরিষ্কারকরণ, মেঝে এবং সাইডওয়ালের টাইলস মেরামত, (গ) ড্রেন পরিষ্কারকরণ, (ঘ) লাইট, ফ্যানের সুইচ, রেগুলেটর, বোর্ড মেরামত ও পুনঃস্থাপন, (ঙ) বৃষ্টির পানি নির্গমন পাইপ মেরামত/পুনঃস্থাপন, (চ) ভবনের দেয়ালে, মেঝেতে, ছাদে বা ভবনের গায়ে জন্ম নেয়া যেকোন গাছ/চারা গাছ অপসারণ, (ছ) পানির কল মেরামত/পুনঃস্থাপন, (জ) পানি সরবরাহ লাইন মেরামত/পরিষ্কারকরণ, (ঝ) ওয়াশেলক এবং টয়লেট মেরামত, (ঝঝ) পানির পাম্প/মটর ইত্যাদি ছেট-খাট মেরামত (ট) ওয়াশেলক পরিষ্কারকরণ ও নলকুপ মেরামত, (ঠ) চাহিদা অনুযায়ী দৈনন্দিন (রঞ্চিন) ছেট-খাট মেরামত।
৩. নিরীক্ষা (অডিট) এর জন্য বিল/ভাউচার ও প্রাক্লন এর কপি, ভ্যাট, আয়কর পরিশোধের কাগজপত্র উপজেলা শিক্ষা অফিসে সংরক্ষণ করতে হবে।
৪. বিদ্যালয়ের রঞ্চিন মেইনটেন্যাঙ্ক কার্যক্রমের প্রাক্লন এসএমসি'র সভায় অনুমোদন ব্যতিত অর্থ ব্যয় করা যাবে না। অর্থ আবশ্যিকভাবে ৩০ জুন ২০১৯ তারিখের মধ্যে ব্যয় করতে হবে।
৫. তাঁর উপজেলায় বরাদ্দপ্রাপ্ত বিদ্যালয়ের রঞ্চিন মেইনটেন্যাঙ্ক কার্যক্রমের অংগুষ্ঠি বিষয়ে ৩০ জুন ২০১৯ তারিখের মধ্যে নিম্নোক্ত ছকে একটি প্রতিবেদন ই-মেইলে (adplandpe@gmail.com) প্রেরণ করতে হবে।

ক্র: নং	বিদ্যালয়ের নাম	প্রাক্লন এসএমসি'র সভায় অনুমোদন নেয়া হয়েছে কীনা (হ্যাঁ/না)	প্রাক্লনের সংক্ষিপ্ত বিবরণ	ব্যয়িত অর্থ	মন্তব্য/ অংগুষ্ঠি
১	২	৩	৪	৫	৬

৬. অর্থ ব্যয়ের ক্ষেত্রে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অর্থ বিভাগের জিও নং-৩৮.১৫০.১৮০.০২৬.০০.০০.৮৬.২০১৮-৭৪০, তারিখ: ১৪ ফেব্রুয়ারি ২০১৯ এর নির্দেশনা অনুসরণ করতে হবে। সেসাথে ভ্যাট কর্তনসহ সরকারের প্রচলিত সকল আর্থিক বিধিবিধান অনুসরণ করতে হবে।
৭. উক্ত রঞ্চিন মেইনটেন্যাঙ্ক কার্যক্রমের অর্থ ব্যয়ের ক্ষেত্রে যথাযথ স্বচ্ছতা অনুসরণ করতে হবে। এক্ষেত্রে যে কোন ধরনের আর্থিক অনিয়মের জন্য ডিডিও দায়ী থাকবেন।

৮. সংশ্লিষ্ট পত্রের কপি সকল প্রধান শিক্ষককে আবশ্যিকভাবে বিতরণ করতে হবে। এক্ষেত্রে কোন ধরণের অবহেলা গ্রহণযোগ্য হবে না।
৯. উল্লেখ্য, প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় হতে অর্থ ছাড়ের জিও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের DPE Accounting System-এ আপলোড করা হয়েছে।

উল্লিখিত নির্দেশনা অনুসরণে পিইডিপিঈ এর আওতায় ২০১৮-১৯ অর্থবছরে নির্বাচিত ২৯,১২৮টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বরাদ্দকৃত অর্থে চলতি অর্থ-বছরেই রঞ্জিন মেইনটেন্যান্স কার্যক্রম সম্পাদনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বরাদ্দপ্রাপ্ত বিদ্যালয়ের তালিকা (৬৮৬ পৃষ্ঠা)

*Abul
28/3/19*

(মোঃ এনামুল কাদের খান)
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)

ফোন: ৫৫০৭৪৯৯৩৮

উপজেলা/ থানা শিক্ষা কর্মকর্তা

উপজেলা/ থানা----- জেলা-----

স্মারক নং- ৩৮.০১.০০০০.৭০০.১৪.০১৯.১৮- ১১৩/১১১৫

তারিখ: ১০ চৈত্র ১৪২৫
২৮ মার্চ ২০১৯

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, বিভাগ-----।
(তাঁর আওতাধীন জেলায় বরাদ্দপ্রাপ্ত বিদ্যালয়ের তালিকা ও পরিপত্রসহ সকল তথ্য প্রাপ্তি নিশ্চিতকরণ ও মেইনটেন্যান্স কাজ পরিবীক্ষণ এর অনুরোধসহ)
- ৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, তথ্য ব্যবস্থাপনা বিভাগ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৪। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা (সকল), জেলা-----।
(তাঁর আওতাধীন উপজেলায় বরাদ্দপ্রাপ্ত বিদ্যালয়ের তালিকা ও পরিপত্রসহ সকল তথ্য প্রাপ্তি নিশ্চিতকরণ ও মেইনটেন্যান্স কাজ পরিবীক্ষণ এর অনুরোধসহ)
- ৫। উপজেলা চেয়ারম্যান, উপজেলা/ থানা----- জেলা-----।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা/ থানা----- জেলা-----।
- ৭। উপজেলা/ থানা হিসাব রক্ষণ কর্মকর্তা, উপজেলা/ থানা----- জেলা-----।
- ৮। সংরক্ষণ নথি।

মোহাম্মদ তৌহিদুল ইসলাম

(মোহাম্মদ তৌহিদুল ইসলাম)
সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)